

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date:16-09-2024**  
**Time: 07.35-07.40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**PM Modi :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, পূর্ব ভারতে রেল যোগাযোগের সম্প্রসারণ সমগ্র অঞ্চলের অর্থনীতিকে শক্তিশালী করবে। প্রধানমন্ত্রী মোদি গতকাল ঝাড়খণ্ডের রাঁচিতে ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে ৬৬০ কোটি টাকারও বেশি মূল্যের বিভিন্ন রেল প্রকল্প দেশকে উৎসর্গ করার পর ভাষণ দেন। প্রধানমন্ত্রী কার্যত ছয়টি বন্দে ভারত ট্রেন এদিন উদ্বোধন করেন। এর আগে, প্রধানমন্ত্রী জামশেদপুরের টাটানগর থেকে ট্রেনগুলিকে ফ্ল্যাগ অফ করার কথা ছিল কিন্তু দুর্যোগপূর্ণ আবহাওয়ার কারণে তার হেলিকপ্টারটি যাত্রা করতে পারেনি। তাই তাকে রাঁচি থেকে প্রকল্পগুলি চালু করতে হয়েছে।

\*\*\*\*\*

**Islam :**

আজ পয়গম্বর হযরত মুহাম্মদের জন্মদিন। দেশের সাথে রাজ্যেও যথাযোগ্য মর্যাদায় দিনটি উদযাপিত হচ্ছে। ইসলাম ধর্মমতে এই দিনেই পৃথিবীর বুকে আবির্ভাব হয়েছিল বিশ্ব শান্তির দূত হযরত মহম্মদের।

\*\*\*\*\*

**Blood Donation/Mosque :**

পয়গম্বর হযরত মহম্মদের জন্মদিন পবিত্র ফাতেহা দোয়াজ দাহাম-কে সামনে রেখে গতকাল কৈলাশহর বাজার জামে মসজিদ প্রাঙ্গণে এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। কর্মসূচিতে উপস্থিত ছিলেন, রাজ্য ওয়াকফ বোর্ডের চেয়ারম্যান মবস্বর আলি, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, গৌরনগর পঞ্চায়েত সমিতির ভাইস- চেয়ারম্যান মোঃ

বদরুজ্জামান প্রমুখ। কৈলাশহর বাজার জামে মসজিদ কমিটির সম্পাদক কবীর হুসেন জানান, ফাতেহা দোয়াজ দাহাম উপলক্ষে আজ বর্ণময় শোভাযাত্রার আয়োজন করা হবে। গতকালের শিবিরে ৫৭ জন রক্তদান করেন।

\*\*\*\*\*

### **Santikali Ashram :**

মোহনপুরের বড়কাঠালে আজ শান্তিকালী আশ্রমের সিদ্ধেশ্বরী মন্দিরের উদ্বোধন করবেন উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ এবং ত্রিপুরার মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। পদ্মশ্রী মহারাজ চিত্ত দেববর্মা জানিয়েছেন, অনুষ্ঠানে রাজ্য মন্ত্রিসভার অনেক সদস্য, সাংসদ, বিশ্বহিন্দু পরিষদের নেতারা থাকবেন।

\*\*\*\*\*

### **Book Distribution :**

বন্যায় ক্ষতিগ্রস্ত ১,৩৪১টি বিদ্যালয়ের পরিষ্কার পরিচ্ছন্নতা এবং ১,৩৪৭টি বিদ্যালয়ে জীবাণুনাশক কর্মসূচি সম্পন্ন করা হয়েছে। গতকাল আগরতলা প্রেসক্লাবে সাংবাদিক সম্মেলনে শিক্ষা দপ্তরের সচিব রাভেল হেমেন্দ্রকুমার এ কথা জানিয়েছেন। তিনি বলেন, বন্যায় প্রায় ৮৫ হাজার বই, বিভিন্ন বিদ্যালয়ের কম্পিউটার, ল্যাপটপ, মিড ডে মিলের খাদ্যসামগ্রী, আসবাবপত্র, যন্ত্রপাতি সহ কিছু কিছু বিদ্যালয়ের পরিকাঠামোগত ক্ষতি হয়েছে। শ্রী হেমেন্দ্রকুমার জানান যে সকল শিক্ষার্থীর বই ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের মধ্যে ইতিমধ্যে ২১,৫৫২টি বই বিতরণ করা হয়েছে।

\*\*\*\*\*

### **Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এই মাসের ২৯ তারিখ, রবিবার আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানের ১১৪তম পর্বে দেশ-বিদেশের জনগণের সঙ্গে তার চিন্তাভাবনা ভাগ করে নেবেন। 1800-11-7800 এই টোল ফ্রি নম্বরে

জনগণ তাদের মতামত এবং পরামর্শ পাঠাতে পারেন। 1922 নম্বরে মিস কল দিয়ে প্রাপ্ত লিঙ্কে এসএমএসে করেও পরামর্শ পাঠাতে পারেন। নরেন্দ্র মোদী অ্যাপ বা MyGov ওপেন ফোরামের মাধ্যমেও মতামত পাঠানো যাবে। আসন্ন পর্বের জন্য পরামর্শ এই মাসের ২৭ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে।

\*\*\*\*\*

#### **Detain of Phensedyl :**

সোনামুড়া থানার পুলিশ গতকাল রাতে কয়েক লক্ষ টাকার ফেন্সিডিল উদ্ধার করেছে। সোনামুড়া থানার ওসি জানান, সাব ইনস্পেক্টর অপর্ণা দেবনাথের নেতৃত্বে পুলিশ এবং টিএসআরের একটি টিম কুলুবাড়ি এলাকার এক বাড়িতে অভিযান করে ১ হাজার ১৯০ বোতল ফেন্সিডিল উদ্ধার করেছে। এই ঘটনায় এনডিপিএস আইনে একটি মামলা নেওয়া হয়েছে।

\*\*\*\*\*

#### **Sukla Charan Noatia :**

সমবায় মন্ত্রী শুল্লা চরন নোয়াতিয়া বলেছেন, রাজ্যের সমবায় ক্ষেত্রে উন্নয়নে বিশেষ ভূমিকা রাখছে ত্রিপুরা স্টেট কো-অপারেটিভ ব্যাংক। মানুষকে বিভিন্নভাবে ঋণ দিয়ে আত্মনির্ভর হওয়ার সুযোগ করে দিচ্ছে। আগরতলা টাউন হলে গতকাল ত্রিপুরা স্টেট কো-অপারেটিভ ব্যাংকের ৪১তম বার্ষিক সাধারণ সভার উদ্বোধন করে মন্ত্রী শ্রী নোয়াতিয়া আরও বলেন, নার্বার্ডের সহায়তায় পরিকাঠামো উন্নয়নের জন্য স্টেট কো-অপারেটিভ ব্যাংক ১৪টি ল্যাম্পস এবং প্যাক্স - এর প্রতিনিধিদের এককালীন টাকা দিয়েছে গতকাল অনুষ্ঠানের মধ্যে।

\*\*\*\*\*

#### **Dipak Majumder :**

বিজেপির সদস্যপদ অভিযানকে কেন্দ্র করে গতকাল রামনগর বিধানসভা এলাকার দশরথ ভবনে এক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। কর্মশালায় উপস্থিত

ছিলেন বিজেপির প্রদেশ সভাপতি সাংসদ রাজীব ভট্টাচার্য, বিধায়ক দীপক মজুমদার, বিজেপি নেতা তাপস ভট্টাচার্য সহ অন্যরা।

\*\*\*\*\*

### **Chandra Smriti League :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় ব্লাডমাউথ ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় ব্লাডমাউথ ক্লাব ২-০ গোলে লালবাহাদুর ব্যায়ামাগারকে পরাজিত করে। এর আগে অপর খেলায় নাইন বুলেটস ক্লাব ২-০ গোলে ফ্রেন্ডস ইউনিয়নকে পরাজিত করে।

\*\*\*\*\*

### **Weather :**

আজ আকাশ সাধারণত মেঘলা থাকবে। রাজ্যের কয়েক জায়গায় বিক্ষিপ্তভাবে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.২ ডিগ্রি সেলসিয়াস। দুপুরে সর্বোচ্চ তাপমাত্রা থাকতে পারে ৩২ ডিগ্রির কাছাকাছি।

\*\*\*\*\*